

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/12/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো "এলিজার আইন" (ELIJAH'S LAW) এ স্বাক্ষর করেন যেটি অনুসারে শিশু সেবা প্রদানকারীদের ফুড এলার্জি অ্যানাফিল্যাক্সিস প্রতিরোধে এবং সাড়া দেওয়ার জন্য নির্দেশিকা অনুসরণ করতে হবে

সকল প্রারম্ভিক শিশু সেবা প্রোগ্রামে বর্তমানে বিদ্যালয়গুলির জন্য থাকা জীবন বাঁচানো সুবক্ষাকে প্রসারিত করে

কুওমো: "বাবা হিসেবে, আমি জানি আপনার সন্তানের কোন কিছু ঘটার চেয়ে বড় ভয় আর নেই - বিশেষ করে যখন আপনি তাদের অন্য কারো সেবায় গচ্ছিত রাখেন। আমি এই পদক্ষেপে স্বাক্ষর করতে পেরে গর্বিত যেটি বাবা-মাকে মনের শান্তি দেবে এবং জরুরী অবস্থায় সাড়া দান ও শোকাবহ ঘটনায় প্রতিরোধের জন্য ডেকেয়ার কর্মীদের সঠিক প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করতে সাহায্য করবে।"

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ আইন (S.218B/A.6971B)-এ স্বাক্ষর করেন যেটি অনুসারে নিউ ইয়র্কের সকল চাইল্ড ডেকেয়ার প্রোগ্রামকেফুড এলার্জি অ্যানাফিল্যাক্সিস প্রতিরোধ ও সাড়া দানের জন্য নির্দেশিকা অনুসরণ করতে। 'এলিজার আইন' নামে পরিচিত, এই নতুন আইনটি নিউ ইয়র্ক সিটির 3-বছর-বয়সী এলিজা সিলভেরার নামে নামকরণ করা হয় যে যাকে একটি পরিচিত গুরুতর দুগ্ধ এলার্জি থাকা সত্ত্বেও ডেকেয়ারে একটি গ্রিল করা চিজের স্যান্ডউইচ দেওয়া হয়েছিল। এলিজা অ্যানাফিল্যাক্সিসে আক্রান্ত হওয়ার পর তার মাকে বলা হয়নি সে কী খেয়েছে এবং 911 এ কল করা হয়নি। 2017 সালের নভেম্বর এলিজা মারা যায়।

"বাবা হিসেবে, আমি জানি আপনার সন্তানের কোন কিছু ঘটার চেয়ে বড় ভয় আর নেই - বিশেষ করে যখন আপনি তাদের অন্য কারো সেবায় গচ্ছিত রাখেন", **গভর্নর কুওমো বলেন।** "আমি এই পদক্ষেপে স্বাক্ষর করতে পেরে গর্বিত যেটি বাবা-মাকে মনের শান্তি দেবে এবং জরুরী অবস্থায় সাড়া দান ও শোকাবহ ঘটনায় প্রতিরোধের জন্য ডেকেয়ার কর্মীদের সঠিক প্রশিক্ষণ গ্রহণ নিশ্চিত করতে সাহায্য করবে। আমার হৃদয় এলিজার পরিবারের জন্য কাঁদে, যারা একটি অবর্ণনীয় ক্ষতি ভোগ করেছে এবং যাদের অন্য শিশুদের রক্ষা করতে সাহায্য করার অধ্যবসায় ছিল।"

সিনেটর ব্রায়ান বেগামিন বলেন, "এলিজা সিলভেরা মাত্র তিন বছর বয়সী ছিল যখন তাকে একটি ডেকেয়ার সেন্টারে একটি চিজের স্যান্ডউইচ খাওয়ানো হয়েছিল যদিও দুগ্ধজাত খাবারে যে তার এলার্জি আছে তা ডায়েরিতে অবহিত করা হয়েছিল। আমি খুব ভেঙে পড়েছিলাম যখন তার পরিবার আমাকে বলেছিল যে সে অ্যানাফিল্যাকটিক শকে মারা গেছে এবং আমি এই বিষয়টি নিউ

ইয়র্কের আর কোনো শিশু ও পরিবারের হবে না তা নিশ্চিত করার জন্য অ্যাসেম্বলি মেম্বার আল টেলরের সাথে যোগ দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলাম। এই বিলে স্বাক্ষর করার জন্য, গভর্নর কুওমো আপনাকে ধন্যবাদ, যেটি অনুসারে এলিজার মত এড়ানো যায় এমন শোকাবহ ঘটনা প্রতিরোধের জন্য একটি পরিকল্পনা থাকতে হবে।"

অ্যাসেম্বলি মেম্বার আল টেলর বলেন, "যুক্তরাষ্ট্রে গড়ে প্রতিটি শ্রেণীকক্ষে দুইজন শিশুর একটি তীব্র ফুড এলার্জি নিয়ে বসবাস করে। কোনো পরিবারের এই ভয়ে বেঁচে থাকা উচিত নয় যে তাদের সন্তান একটি এলার্জি আক্রমণের শিকার হবে অথচ সেটির চিকিৎসা করতে সক্ষম এমন কেউ থাকবে না। এলিজার আইন সকল শিশুর নিরাপত্তা বৃদ্ধি করবে এটা নিশ্চিত করার মাধ্যমে যে প্রত্যেক শিক্ষার পরিবেশে তরুণদের আরো ভালোভাবে যত্ন নেয়া হবে এবং শিক্ষা কেন্দ্রগুলোতে অ্যানাফিল্যাক্সিস প্রতিরোধ ও চিকিৎসার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ও সংস্থান থাকবে। আমি গভর্নর, আমার সহকর্মী এবং বিশেষ করে সিলভেরার পরিবার এবং এলিজার ইকো ফাউন্ডেশনের কাছে অত্যন্ত কৃতজ্ঞ যারা এই বিলটি আইনে পরিণত করার জন্য স্বাক্ষর করায় সাহায্য করেছেন। এলিজার আইনের মাধ্যমে, আমরা নিশ্চিত করব যে নিউ ইয়র্ক আর কোনো পরিবারকে এই ধরনের দুর্ঘটনা সহ্য করতে হবে না।"

ফুড এলার্জির অ্যানাফিল্যাকটিক পলিসি নিউ ইয়র্ক স্কুল ডিস্ট্রিক্টের জন্য ইতোমধ্যে বলবৎ আছে। এই বিল বাধ্যতামূলক করে যে একই ধরনের নির্দেশিকা এবং পদ্ধতিগুলো শিশু ডেকেয়ার প্রোগ্রামগুলো অ্যানাফিল্যাক্সিস প্রতিরোধ ও জরুরি সাড়াদানের জন্য অনুসরণ করা হয়। পেডিয়াট্রিক চিকিৎসক ও এলার্জি বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ করে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ (Department of Health, DOH) এর কমিশনারের মাধ্যমে এই নির্দেশিকা তৈরি করা হবে এবং স্টাফ ট্রেনিং কোর্স, শিশুদের ঝুঁকি কমাতে প্রতিরোধমূলক ব্যবস্থা এবং জরুরি সাড়াদান ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকবে।

এই বিল অনুসারে স্বাস্থ্য কমিশনারকে অ্যানাফিল্যাকটিক নীতিমালার বিস্তারিত বর্ণনা সহকারে তথ্যমূলক উপকরণ তৈরি করতে হবে যা শিশুদের ডেকেয়ার সেন্টার, স্থানীয় স্কুলের শিক্ষা বোর্ড, চার্টার স্কুল এবং সমবায় শিক্ষা পরিষেবা বোর্ডে বিতরণ করা হবে এবং DOH এর ওয়েবসাইটে এই উপকরণগুলো উপলভ্য রাখা হবে।

স্কুল ও শিশুদের ডেকেয়ার প্রদানকারী সংস্থাগুলোর পিতা-মাতা ও অভিভাবকদের অ্যানাফিল্যাকটিক নীতিমালা সম্পর্কে সচেতন করতে বিজ্ঞপ্তি পাঠাতে হবে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)